

অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬ (অংশ-১)-৪৪৩ তারিখঃ ০৫ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৮ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার বারপাড়া, ইলিয়টগঞ্জ (দক্ষিণ) এবং দৌলতপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৯ এর উপধারা (১) অনুযায়ী ঘোষণাকরণ প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-৩২৩, তারিখঃ ২৯.০৩.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার বারপাড়া, ইলিয়টগঞ্জ (দক্ষিণ) এবং দৌলতপুর ইউনিয়ন পরিষদসমূহে বিগত ০২/০৭/২০১১ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। উক্ত ইউনিয়ন পরিষদসমূহের প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে যথাক্রমে গত ৩০/০৮/২০১২, ৩০/০৮/২০১২ ও ২৪/০৬/২০১২ তারিখে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৯ এর উপধারা (৩) অনুযায়ী পরিষদ গঠনের জন্য কোন সাধারণ নির্বাচন ঐ পরিষদের জন্য অনুষ্ঠিত পূর্ববর্তী সাধারণ নির্বাচনের তারিখ হতে ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হওয়ার ১৮০ (এক শত আশি) দিনের মধ্যে অনুষ্ঠিত হবে মর্মে উল্লেখ রয়েছে।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, কুমিল্লা এর পত্রটি সংলগ্নীসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে-বাংলানগর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, কুমিল্লা।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।